**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 23-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ 'অপারেশন সিন্দুর' অভিযানের আওতায় ভারত, পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন।

# 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় তিনি গতকাল এরাজ্যের তিনটি সহ মোট ১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করেছেন।

২/ কলকাতার 'গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড', ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পাচ্ছে।

৩/ রাজ্য সরকার উত্তরবঙ্গের প্রতি লাগাতার বঞ্চনা করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৪/ প্রয়োজনীয় অনুমতি ছাড়া, কোন গ্রাম পঞ্চায়েত, জেলা পরিষদ বা পুরসভা, নিজেদের মতো করে কর সংগ্রহ করতে পারবেনা বলে নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৫/ রাজ্যের প্রায় সবক'টি জেলাতেই আগামী কয়েকদিন বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

*****************************************************************

ভারত, পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। 'অপারেশন সিন্দুর'-এর প্রশংসা করে তিনি বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলাতে এই অভিযান নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে। বিকানেরে 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় গতকাল ১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করে শ্রী মোদী বলেন, প্রত্যেক জঙ্গী হামলার ভারত যোগ্য প্রত্যুত্যর দেবে।

( বাইট- মোদী সন্ত্রাসবাদ )

'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রী যে ১০৩ টি অমৃত স্টেশনের উদ্বোধন করেছেন তাঁর মধ্যে রয়েছে এরাজ্যের নদীয়ার কল্যাণী ঘোষ পাড়া, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় স্টেশন। স্টেশনগুলিতে রয়েছে অত্যাধুনিক নানা সুযোগ সুবিধা, বিশ্রাম কক্ষ, ডর্মেটারি, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওয়েটিং রুম প্রভৃতি। আধুনিক পরিকাঠামোর সঙ্গে স্টেশনগুলিতে সাংস্কৃতিক ঐতিহ্য ও যাত্রী স্বাচ্ছন্দের মেলবন্ধন ঘটানো হয়েছে।

রাজস্থানের বিকানের থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, বিজেপি নেতৃত্বাধীন NDA সরকারের আমলে দেশে রেল পরিকাঠামোর অভূতপূর্ব উন্নতি হয়েছে। জনগণকেই নবরূপে সজ্জিত অমৃত স্টেশনগুলির প্রকৃত মালিক হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী তাঁদের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখার আর্জি জানান।

( বাইট- প্রধানমন্ত্রী অমৃত স্টেশন )

এই অনুষ্ঠানে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় রেলে এক অভূতপূর্ব পরিবর্তন হয়েছে।

নতুনভাবে সাজানো পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় রেল স্টেশনের আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি। ওই অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর জওয়ানদের
পরিবারের সদস্যদের বিশেষভাবে সম্মানিত করা হয় দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনের পক্ষ থেকে।

কল্যাণীর ঘোষপাড়া স্টেশনটিকে নতুনভাবে সাজিয়ে তুলতে খরচ হয়েছে প্রায় চার কোটি টাকা। এর আওতায় তিন হাজার ১০০ বর্গ মিটার জুড়ে ছাউনি, অত্যাধুনিক বিশ্রামাগার, ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের জন্য টিকিট কাউন্টার সহ নানারকম সুযোগ সুবিধা রয়েছে।

স্টেশনে অত্যাধুনিক নানা সুবিধা পেয়ে খুশী যাত্রীরাও। প্রধানমন্ত্রীর নেতৃত্বেই দেশে রেল ব্যবস্থার এই আধুনিকীকরণ সম্ভব হয়েছে বলে জানালেন কল্যানী ঘোষপাড়া স্টেশনের এক যাত্রী।

( বাইট- ঘোষপাড়া / যাত্রী )

পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় স্টেশনেও যাত্রী স্বাচ্ছন্দের কথা মাথায় রেখেই আধুনিকীকরণ করা হয়েছে। যাত্রীদের সুবিধার্থে স্টেশনের দক্ষিণদিকে নতুন প্রবেশদ্বারের পাশাপাশি দু'ধারে টিকিট কাউন্টার সহ বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে।

*********************

ভারত আমাদের মাতৃভূমি। রাজ্য, ভাষা, সংস্কৃতি আলাদা আলাদা হলেও আমরা সবাই এক। ভারতআত্মার এটাই বৈশিষ্ট্য- বলেছেন ফারুখাবাদ ঘরানার আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন তবলা বাদক পন্ডিত অনিন্দ্য চট্টোপাধ্যায়।

( বাইট- পন্ডিত অনিন্দ্য চট্টোপাধ্যায়)

*********************

কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড-জিআরএসি ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পেতে চলেছে।

একটি প্রতিবেদন-

( ভিসি- অভিরূপ )

*********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্য সরকারের বিরুদ্ধে উত্তরবঙ্গকে বঞ্চনার অভিযোগ এনেছেন। এর প্রতিবাদে আগামী মাসে বিজেপি উত্তরকন্যা অভিযান করবে বলে তিনি জানিয়েছেন।

শিলিগুড়িতে গতকাল এক সাংবাদিক বৈঠকে শুভেন্দু বাবু বলেন, উত্তরবঙ্গে চা-শিল্পই উত্তরবঙ্গের মানুষের অন্যতম প্রধান জীবিকা। কিন্তু বর্তমান সরকারের আমলে বিভিন্ন চা বাগানের জমিতে অবৈধ প্রকল্প চলেছে।

রাজ্যে বিদ্যুতের ঘাটতি নেই বলে মুখ্যমন্ত্রী দাবী করলেও, উত্তরবঙ্গে কেন এতো বিদ্যুৎ বিভ্রাট, সেই নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- শুভেন্দু )

মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক উত্তরবঙ্গ সফরকে কটাক্ষ'ও করেন শুভেন্দু।

*********************

রাজ্যের গ্রামীণ নিকাশি ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে সুস্থিত পরিকল্পনা তৈরি করতে রাজ্যের পঞ্চায়েত দফতর বৈঠকে বসছে। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে আজ এই কর্মসূচি অনুষ্ঠিত হবে। রাজ্যের সমস্ত জেলাশাসক ও জিটিএ-র প্রিন্সিপাল সেক্রেটারিকে বৈঠকে অংশগ্রহণ করার নির্দেশ দেওয়া হয়েছে। কর্মসূচিতে প্রতিটি জেলার মহকুমা শাসক এবং বিডিও দের উপস্থিতি আবশ্যিক বলেও উল্লেখ করা হয়েছে। বিভিন্ন দপ্তরের পদাধিকারি ও ইউনিসেফ, ওয়াটার এইডের মত আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের এই কর্মসূচিতে অংশগ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে, আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

*********************

প্রয়োজনীয় অনুমতি ছাড়া ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় কোন গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ এবং পুরসভা কর্তৃপক্ষ নিজেদের মতো করে নাগরিকদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে না বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্য সচিব

মনোজ পন্থ, রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তর এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরকে এই মর্মে নির্দেশ দিয়েছেন।

মুখ্য সচিবের নির্দেশের পরেই দুটি দপ্তর থেকে সব জেলা শাসকদের এই নির্দেশ কঠোরভাবে কার্যকর করতে বলা হয়েছে। কোন গ্রাম পঞ্চায়েত বা পুরসভা, সরকারি অনুমতি ছাড়া উন্নয়নের নামে স্থানীয়ভাবে নাগরিকদের কাছ থেকে এই ধরনের রাজস্ব আদায় করলে, তা সরকারি নির্দেশিকাকে অমান্য করে নেওয়া হচ্ছে ধরে নিয়ে ওই পঞ্চায়েত বা পুর কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা নির্দেশিকায় জানানো হয়েছে।

উল্লেখ্য, রাজ্যের বেশ কিছু জেলা পরিষদ, গ্রাম পঞ্চায়েত এবং পুরসভা, রাজস্ব সংগ্রহের নামে সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা তুলছে বলে অভিযোগের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফরে গিয়ে স্থানীয়ভাবে কোন পঞ্চায়েত বা পুরসভা এই ধরনের রাজস্ব আদায় করতে পারবে না বলে জানিয়েছিলেন।

*********************

বিকাশভবনের সামনে আন্দোলনকারী চাকরিহারাদের মধ্যে সুদীপ কোণার ও ইন্দ্রজিৎ মণ্ডলকে আপাতত বিধাননগরে ঢোকার উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য রাজ্যের তরফে হাইকোর্টে গতকাল মৌখিক আবেদন জানানো হয়েছে। আইনজীবি সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, এই আন্দোলনের জেরে এলাকার অন্ততঃ ৫৫টি সরকারি দপ্তরে কাজকর্মের অসুবিধা হচ্ছে। অবিলম্বে আন্দোলনকারীদের সেখান থেকে সরানোর’ও দাবী জানান কল্যাণবাবু।

এই মামলায় রাজ্যকে আবেদনের অনুমতি দিয়েছে আদালত। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ সব পক্ষের আবেদন বিবেচনা করে রায় দেবেন বলে জানা গেছে।

*********************

উত্তর চব্বিশ পরগণার হাবড়া থেকে বিপুল পরিমাণ জাল আয়ুর্বেদিক ওষুধ উদ্ধার হয়েছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে হাবড়া পুরসভার কামারথুবা টালিখোলা মোড় এলাকায় একটি ওষুধের কারখানায় তল্লাশি চালায় ড্রাগ কন্ট্রোল ফুড সেফটি ডিপার্টমেন্ট ও হাবরা থানার পুলিশ। কারখানা থেকে বাজেয়াপ্ত হয় বাচ্চাদের ইমুনিটি বৃদ্ধি, কাশির সিরাপ সহ একাধিক অবৈধ ওষুধ। বিশ্বজিৎ ঘোষ নামে এক ব্যাক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। ওষুধ

তৈরির কোনো লাইসেন্স বিশ্বজিতের কাছ থেকে পাওয়া যায়নি। অভিযুক্তকে বারাসত আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পুলিশ ওই কারখানা বন্ধ করে দিয়েছে।

*********************

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উপস্থিতিতে প্রথম বিধবা বিবাহ কলকাতার যে বাড়িতে প্রথম সম্পন্ন হয়েছিল, কলকাতা পুরসভা সেই বাড়িটিকে হেরিটেজ তালিকাভুক্ত করার ব্যপারে উদ্যোগ নিয়েছে। পুরসভার হেরিটেজ বিভাগের মেয়র পারিষদ স্বপন সমাদ্দার গতকাল আকাশবাণীকে জানিয়েছেন যে ৪৮-এর এ/ কৈলাশ বোস স্ট্রীটে এই প্রাচীন ঐতিহ্যবাহী বাড়ির সন্ধান পাওয়া গেছে। স্বপন বাবু বলেন, ইতিমধ্যেই বিভাগের আধিকারিকদের এই বাড়িটি সম্পর্কে তথ্য সংগ্রহ করে, এর ঐতিহাসিক দিক পর্যালোচনা করে, হেরিটেজ সংরক্ষণ কমিটিতে পেশ করার নির্দেশ দেওয়া হয়েছে।

*********************

অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আগামী কয়েকদিন রাজ্যের প্রায় সব জেলাতেই কম বেশি বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা। এদিকে উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৭ তারিখে একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

( বাইট- সোমনাথ দত্ত )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

এদিকে, পুরুলিয়ার বড়াবাজার থানার ভাগাবাঁধ গ্রামে গতকাল বিকেলে বজ্রপাতে এক মহিলার মৃত্যু হয়েছে। মাঠে ছাগল নিয়ে যাওয়ার সময় বাজ পড়লে ঊষারানী মাহাতো নামে ওই মহিলা গুরুতর আহত হন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

*********************

দক্ষিণ ২৪ পরগনা আন্তঃজেলা অনূর্ধ্ব ১৮ পুরুষদের ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। কল্যাণীতে দুদিনের ফাইনালের শেষ দিনে গতকাল তারা ১০ উইকেটে মেদিনীপুরকে হারিয়ে দেয়।

*************************************************************